# জেলা পরিষদ, সিলেট
www.zp.sylhet.gov.bd

০৫ ফাল্গুন, ১৪৩২

নং: ৪৬.৬০.৯১০০.০০৬.৯৯.০০৩.২৬- ৭২২ তারিখ : ---------------------

১৮ ফেব্রুয়ারি, ২০২৬

**জেলা পরিষদ মিলনায়তন ভাড়া প্রদান বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ কার্যালয়ে অবস্থিত নীচতলার জেলা পরিষদ মিলনায়তনটি নতুন করে আকর্ষণীয় ও নান্দনিক সাজে সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। মিলনায়তনটি বিভিন্ন সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান ও সংস্থা কে নির্ধারিত শর্ত পালন ও ফি পরিশোধ সাপেক্ষে ভাড়া প্রদান করা হবে।

**শর্তাবলী:**

১। নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে হবে।

২। মিলনায়তনের দেয়ালে পিন/লোহা, স্কচটেপ বা আঠা দিয়ে কোন ব্যানার/ফেস্টুন/পোস্টার লাগানো যাবে না।

৩। দেয়ালে নির্ধারিত চৌম্বক ব্যবহার করে ব্যানার/পোস্টার টানানো যাবে।

৪। মিলনায়তনের পর্দায় হাত মোছা বা কোন ময়লা লাগানো যাবে না।

৫। ময়লা আবর্জনা নির্ধারিত স্থানে ফেলতে হবে।

৬। খাবারের উচ্ছিষ্টাংশ বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে নির্ধারিত স্থানে বা ডাস্টবিনে ফেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। অফিস সময়ে মিলনায়তনে কোন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যাবে না।

৮। মিলনায়তনের বাহিরে কোন মাইক ব্যবহার করা যাবে না।

৯। বিদ্যুৎ বিভ্রাটের জন্য জেলা পরিষদ কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

১০। মিলনায়তনের চেয়ার ও আসবাবপত্র অনুষ্ঠানে অংশগ্রহণকারী কারো দ্বারা ক্ষতিগ্রস্থ হলে বরাদ্দ গ্রহীতা ক্ষতিগ্রস্থ জিনিস/আসবাবপত্রের জন্য দ্বিগুণ হারে ক্ষতিপূরণ দিতে বাধা থাকবেন। অন্যথায় বিধি মোতাবেক মামলা দায়ের করে ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। জেলা পরিষদের মিলনায়তন কোন সংস্থার নির্বাচনী কোন কাজে ব্যবহার করা যাবে না।

১২। অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্বে ভাড়া পরিশোধ করতে হবে। অন্যথায় মিলনায়তন বুকিং বাতিল বলে গণ্য হবে।

১৩। মিলনায়তনে সকাল ৯.০০ টা থেকে রাত্র ৮.০০ টা পর্যন্ত অনুষ্ঠান পরিচালনা করা যাবে।

১৪। চূড়ান্ত বরাদ্দ প্রদানের পূর্বে আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

১৫। কর্তৃপক্ষ জরুরী রাষ্ট্রীয় প্রয়োজনে তাৎক্ষণিক বরাদ্দ বাতিল করে জানিয়ে দিতে পারবেন।

১৮/০২/২৬

অনুপমা দাস
নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সিলেট

**জেলা পরিষদ, সিলেট**
**www.zp.sylhet.gov.bd**

০৫ ফাল্গুন, ১৪৩২

নং: ৪৬.৬০.৯১০০.০০৬.৯৯.০০৩.২৬- ৭২২(১০০) তারিখ : ---------------------

১৮ ফেব্রুয়ারি, ২০২৬

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। বিভাগীয় কমিশনার, সিলেট
০২। পরিচালক, স্থানীয় সরকার সিলেট বিভাগ, সিলেট
০৩। প্রশাসক, জেলা পরিষদ, সিলেট ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ
০৬। উপ পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট/মৌলভী বাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
০৮। জেলা শিক্ষা অফিসার, সিলেট
০৯। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট
১০। উপ পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, সিলেট
১১। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট
১৩। অধ্যক্ষ, ......................................
১৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), ............................ সিলেট
১৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)...................... সিলেট।
১৬। উদ্যোক্তা, জেলা পরিষদ/ইউনিয়ন নাগরিক সেবা কেন্দ্র সিলেট।
১৭। ...............................................................

১৮/০২/২৬

নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সিলেট